

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪০২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৪. আল্লাহ ছাড়া অন্য কারও বা কিছুর উদ্দেশ্যে ইলম অম্বেষণকারীর নিন্দা

بَابُ: التَّوْبِيخِ لِمَنْ يَطْلُبُ الْعِلْمَ لِغَيْرِ اللَّهَ

আরবী

إسناده صحيح

বাংলা

৪০২. আব্দুর রহমান্ ইবনু শুরাইহ, আমীরাহকে বলতে শুনেছেন: একটি লোক তার এক পুত্রকে বলছে: যাও, ইলম অম্বেষণ কর। অতঃপর সে বের হয়ে পড়ল, আর কিছুদিন সে তার থেকে অনুপস্থিত থাকল। অতঃপর (একদিন) সে তার পিতার নিকট এসে তাকে কিছু কথা শুনাল। তখন তার পিতা তাকে বলল: হে পুত্র! যাও এবং জ্ঞান অম্বেষণ কর। এরপর সে এক যুগ ধরে তার নিকট থেকে অনুপস্থিত থাকল। তারপর একদিন সে কিতাবের কিছু পৃষ্ঠা নিয়ে তার পিতার নিকট হাজির হল এবং সেগুলো তাকে পড়ে শুনালো। তখন সে তাকে বলল: এতো শূন্য সাদা পাতার উপর কিছু কালো রঙের দাগমাত্র। তুমি আবার যাও এবং জ্ঞান অম্বেষণ কর। তখন সে আবার বেরিয়ে পড়লো এবং তার নিকট হতে বেশ কিছুদিন অনুপস্থিত থাকল। তারপর সে ফিরে এসে তার পিতাকে



বলল: আপনার যা মনে চায় আমাকে প্রশ্ন করুন। তখন তার পিতা তাকে বলল: (ধরো) তুমি এমন একটি লোকের পাশ দিয়ে অতিক্রম করলে যে তোমার প্রশংসা করল। আবার (অন্য সময়) তুমি অপর এক ব্যক্তির পাশ দিয়ে গমন করলে যে তোমার নিন্দা করল। এমতাবস্থায় (তোমার এদের সাথে কী আচরণ করা উচিত বলে) তুমি মনে কর? সে বলল: যে আমার নিন্দা করল, আমি তাকে দোষারোপ করবো না। আবার, যে আমার প্রশংসা করল আমি তারও প্রশংসা করব না। আবার সে বলল: (আবার) যদি তুমি কোনো (রাস্তায় পড়ে থাকা) পাতের পাশ দিয়ে গমন কর, তখন (তুমি কী করবে বলে) তুমি মনে কর? (বর্ণনাকারী আবু শুরাইহ বলেন: সেটি সোনার পাত নাকি রূপার পাত- তা আমি জানিনা।) তখন জবাবে সে বলল: সেটি আমাকে আকৃষ্ট করে না, ফলে আমি তার নিকটেও যাবো না। তখন সে (পিতা) তাকে বলল: যাও, এখন তুমি (প্রকৃতই) জ্ঞান অর্জন করেছো।[1]

ফুটনোট

[1] তাহকীকঃ এর সনদ সহীহ।

তাখরীজ: এখানে ছাড়া এটি আমি আর কোথাও পাইনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন